

Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | দেশজুড়ে | 10 May, 2025

আশুলিয়ার পাড়াগ্রাম এলাকার চাঞ্চল্যকর রুবেল মন্ডলকে নৃশংসভাবে হত্যাকাণ্ডের অন্যতম মূলহোতা আমজাদ মন্ডল সহ সহযোগী জুয়েলকে গ্রেফতার করেছে র্যাব-৪ এর সদস্যরা।

সকালে র্যাব-৪ সিপিএসি-২ এর কোম্পানি কমান্ডার মেজর জালিস মাহমুদ খান নিশ্চিত করে জানান, শুক্রবার সন্ধ্যায় ধামরাই থানাধীন কালামপুর এলাকায় অভিযান পরিচালনা করে আশুলিয়ার পাড়াগ্রাম এলাকার চাঞ্চল্যকর রুবেল মন্ডল হত্যাকাণ্ডে জড়িত থাকায় তাদের গ্রেফতার করা হয়।

র্যাব জানায়, ভিকটিমের সাথে মাছের ঘের সংক্রান্ত বিরোধের জের ধরে বিবাদ শুরু হয়। পরে মিমাংসার কথা বলে আসামীরা আশুলিয়ার পাড়াগ্রামের একটি অফিসে ডেকে নিয়ে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যা করে মাছের ঘেরে লাশ ফেলে পালিয়ে যায়। পরে ভিকটিমের স্ত্রী বাদী হয়ে আশুলিয়া থানায় একটি হত্যা মামলা দায়ের করলে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীদ্বয়ের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে বলেও জানায় র্যাব।

আশুলিয়া জুয়েল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:53

URL: <https://www.timestodaybd.com/across-the-country/221934788>